# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৯১

১/ বিবিধ

---

আরবী

لا يبغض العرب مؤمن، ولا يحب ثقيفا إلا مؤمن
ضعيف

قال في " المجمع " (10/53) بعد أن ذكره من حديث ابن عمر مرفوعا
رواه الطبراني، وفيه سهل بن عامر وهو ضعيف
قلت: والشطر الثاني رواه الطبراني (12339) من حديث ابن عباس مرفوعا بلفظ
" ... رجل يؤمن بالله واليوم الآخر". وفيه نعيم بن حماد وهو ضعيف
وللشطر الأول منه شاهد ولكنه ضعيف جدا ولفظه
" لا يبغض العرب إلا منافق

বাংলা

১১৯১। আরবদেরকে কোন মুমিন ব্যক্তি অপছন্দ করতে পারে না। আর সাকীফ গোত্রের লোকদেরকে শুধুমাত্র মুমিন ব্যক্তিই ভালবাসে।

হাদিসটি দুর্বল।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/৫৩) মারফু হিসেবে ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত হাদীসটি উল্লেখ করার পরে বলেনঃ হাদীসটি ত্ববারানী বর্ণনা করেছেন। তার সনদের মধ্যে সাহল ইবনু আমের নামক এক বর্ণনাকারী আছেন তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ দ্বিতীয় অংশটি ইমাম ত্ববারানী (১২৩৩৯) ইবনু আব্বাস (রাঃ)-এর হাদীস থেকে মারফু হিসেবে বর্ণনা করেছেন। কিন্তু এর সনদের মধ্যে নুয়াইম ইবনু হাম্মাদ নামক এক বর্ণনাকারী আছেন তিনি দুর্বল।

আর হাদীসটির প্রথম অংশটুকুর শাহেদ (সাক্ষীমূলক বর্ণনা) রয়েছে, কিন্তু সেটি খুবই দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72070

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন